গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০১৬.১৮.০০৭.২০১৭-১১০৫

তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৫ / ১৮ জুলাই ২০১৮

**বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৮ পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৮.৬০৩, তারিখ: ২৬-০৬-২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে গত ১৫ জুলাই, ২০১৮ তারিখ অনুষ্ঠেয় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এদতসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(নাহিদ-উল-মোস্তাক)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, মোবক/চবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম।
৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবদুস সামাদ<br>সচিব, নৌপরিবহন মন্ত্রনালয়। |
| তারিখ | : | ১৫ জুলাই ২০১৮ খ্রিঃ। |
| সময় | : | ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয় সভাকক্ষ। |
| সভায় উপস্থিতি কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-ক। |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ পর্যায়ে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় জনান যে, আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ বুধবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্য কর্মসূচী চূড়ান্ত করণের লক্ষ্যে এ সভা আহবান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৬ জুন ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নির্দেশনা মোতাবেক জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে এ মন্ত্রণালয় সম্পর্কিত প্রস্তাবিত কর্মসূচী সভায় উপস্থাপন করেন।

২। আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাব গম্ভীর পরিবেশে পালনের উদ্দেশ্য সভায় বিভিন্ন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ তাঁদের আগ্রহ ব্যক্ত করে আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত কর্মসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:

৩। সিদ্ধান্ত:-

(৩.১) ১৫ আগস্ট ২০১৮ তারিখ বুধবার নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর সংস্থা ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান ও ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে;

(৩.২) ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মন্ত্রণালয়ের পক্ষ হতে ব্যানারসহ ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ ১৫ আগস্ট সকাল ৭.০০ টার মধ্যে কলাবাগান মাঠের সামনের রাস্তায় সমবেত হবেন। মন্ত্রণালয়ের পক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদনের জন্য মন্ত্রণালয়ের প্রশাসন উইং ফুলের তোড়া এবং ব্যানারসহ এ সংক্রান্ত সার্বিক প্রস্তুতি নিশ্চিত করবে;

(৩.৩) ঢাকাস্থ দপ্তর/সংস্থার প্রধান ও প্রতিনিধিগণ নিজ নিজ দপ্তর সংস্থার পক্ষ হতে ব্যানারসহ উপস্থিত হয়ে মন্ত্রণালয়ের সাথে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করবেন;

(৩.৪) আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ বেলা ১০.০০ টায় বিআইডব্লিউটিসি তে অনুষ্ঠিতব্য আলোচনা সভা ও দোয়া মাহফিলে মন্ত্রণালয় ও ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থার প্রধানসহ কর্মকর্তা/কর্মচারীগন উপস্থিত থাকবেন;

(৩.৫) ঢাকার বাইরে সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কার্যালয়ে আলোচনা অনুষ্ঠান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর ভিত্তি করে ডকুমেন্টরী প্রদর্শন ও দোয়া মাহফিলের আয়োজন করবে;

(৩.৬) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত দপ্তর/সংস্থার অফিস সমূহে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচীতে অংশগ্রহণ করবেন। প্রয়োজনে আলাদাভাবে আলোচনা ও দোয়ার কর্মসূচি নিবেন;

(৩.৭) জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে দপ্তর/সংস্থা সমূহ সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং মনিটরিং করবে;

(৩.৮) আগামী আগস্ট ২০১৮ মাসের প্রথম সপ্তাহে প্রস্তাবিত বিষয়ে একটি ফলো-আপ সভার আয়োজন করতে হবে।

(৩.৯) টুঙ্গীপাড়ায় অনুষ্ঠেয় কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আমন্ত্রিত অতিথি, নেতৃবৃন্দ ও জনসাধারণের গোপালগঞ্জ জেলায় যাওয়ার জন্য বিআইডব্লিউটিসি'র পক্ষ হতে শিমুলিয়া-কাঠালবাড়ি ও পাটুরিয়া-দৌলতদিয়া ঘাটে পর্যাপ্ত সংখ্যক ফেরী রাখতে হবে এবং মনিটরিং টীম গঠন করবেন।

৪। পরিশেষে সভাপতি জাতীয় শোক দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় ও ভাব গাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহনের অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বা/-
তারিখ: ১৭-০৭-২০১৮
(মো: আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

G:\Nazmul\Rejulation.docx